মানিকগঞ্জে নারী ও কিশোরী স্বাস্থ্য অধিকার নিশ্চিতে সম্বনয় সভা অনুষ্ঠিত

মানিকগঞ্জ – মানিকগঞ্জে বারসিকের উদ্যোগে নারী ও কিশোরী স্বাস্থ্য অধিকার নিশ্চিতে কমিউনিটি ক্লিনিকের কমিটির সদস্য ও নাগরিকদের সাথে সম্বনয় সভা অনুষ্ঠিত হয়েছে।
আজ রোববার (২৬ জানুয়ারি) দুপুরে মিতরা ইউনাইটেড ওয়েল ফেয়ার হাই স্কুলের এ সভার আয়োজন করা হয়।
সভায় মিতরা ইউনাইটেড ওয়েল ফেয়ার হাই স্কুলের প্রধান শিক্ষক মোঃ আজিজুল হকের সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্য রাখেন বিচারপ্রতি নুরুল ইসলাম ডিগ্ৰী কলেজের সাবেক অধ্যাপক মনোয়ার হোসেন।

এসময় আরো উপস্থিত ছিলেন বেসরকারি এনজিও বারসিকের আঞ্চলিক সমন্বয়ক বিমল চন্দ্র, সাংবাদিক সমিতির সহ-সভাপতি আবুল বাশার আববাসী, জেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য এনামুল হক সেকেন্দার, মানিকগঞ্জ প্রেসক্লাবের আহবায়ক কমিটির সদস্য শাহীন তারেক, আইরমাড়া-মিতরা বয়েজ স্পোর্টিং ক্লাবের সহ-সভাপতি মোঃ শরিফ মিয়া,বেতিলা-মিতরা ইউনিয়নের সাবেক সদস্য মোঃ ইউসুফ আলী, দেলোয়ার হোসেন,বারসিক কর্মকর্তা মোঃ বাদল মিয়া প্রমুখ।

জেলা যুব ও কিশোরী স্বাস্থ্য অধিকার ফোরাম জেলা স্বাস্থ্য অধিকার ফোরাম এর যৌথ উদ্যোগে এ সমন্বয় সভার আয়োজন করা হয়। এবং সার্ভিস সহযোগিতা করেন বাংলাদেশ হেলথ ওয়াচ ও বারসিক।